**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:13-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

............................................................................

**TRAIN :**

দীর্ঘদিন বন্ধ থাকার পর আজ থেকে আগরতলা-সাব্রুম লাইনে ট্রেন চলাচল শুরু হয়েছে। তবে সাব্রুম পর্যন্ত রেললাইন ঠিক না হওয়ায় বিলোনিয়া পর্যন্তই রেল চলাচল করবে । বন্যার কারণে ট্রেনলাইনে ধ্বস পড়ায় ট্রেন চলাচল বন্ধ ছিল । আজ সকালে আগরতলা থেকে একটি ডেমু ট্রেন বিলোনিয়ার উদ্দেশ্যে রওনা দেয় ।

*******************

**SW-SE Minister :**

সমাজ কল্যান, সমাজ শিক্ষা ও শ্রমমন্ত্রী টিংকু রায় গতকাল সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে জানান, শিশু, গর্ভবতী মহিলা প্রসূতি মায়েদের জন্য পুষ্টি প্রকল্প, প্রাক বিদ্যালয় শিক্ষা প্রভৃতি ছয়টি পরিষেবা প্রদানে রাজ্যে বর্তমানে ১০ হাজার ২২২টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। ইতিমধ্যে নতুন ২১৬টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও ব্রু শরনার্থী পুনর্বাসন এলাকায় ৪৪টি নতুন অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু করা হয়েছে। তিনি জানান PM-JANAMAN প্রকল্পে জনজাতি অধ্যুষিত এলাকায় আরও নতুন ৭৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু করা হয়েছে। পিএমজনমন প্রকল্পে জনজাতি এলাকায়

৮৮টি অঙ্গনওয়াড়ি  কেন্দ্রের পাকাবাড়ি নির্মানে কেন্দ্রীয় সরকার ১০ কোটি ৫৬ লক্ষ টাকার মঞ্জুরি দিয়েছে। তিনি জানান রাজ্যে বর্তমানে ৩৩টি সামাজিক ভাতা চালু রয়েছে। এর আওতায় ৪ লক্ষ ৩ হাজার ৫৭৭ জন ভাতা পাচ্ছেন।

*****************

**Labour Minister :**

এদিকে, রাজ্যের বন্যা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আসন্ন শারদ উৎসবের আগেই  ইটভাটা, চা বাগান, মিষ্টির দোকানে কর্মরত শ্রমিকদের পুজা বোনাস দ্রূত মিটিয়ে দেওয়ার জন্য মালিক কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানিয়েছেন শ্রমমন্ত্রী টিংকু রায় । তিনি জানান, বোনাস প্রদানের বিষয়ে মালিক কর্তৃপক্ষ, শ্রমিক সংগঠনের সঙ্গে রাজ্য সরকারের আলোচনা হয়েছে। রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে সাম্প্রতিক বন্যায় যেসব নথিভুক্ত নির্মান শ্রমিক পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ত্রিপুরা বিল্ডিং এন্ড আদার কনষ্ট্রাকশন ওয়ার্কস ওয়েলফেয়ার বোর্ড এর সেস ফান্ড থেকে এককালীন ৪ হাজার টাকা করে দেওয়া হবে। এর ফলে রাজ্যে ৪২ হাজার ৯৮১ জন নির্মান শ্রমিক উপকৃত হবেন।

************************

**PM, JANMAN :**

সিপাহীজলা জেলার জেলাশাসক ডাক্তার সির্দ্ধাথ শিব জসওয়াল জানান সিপাহীজলা জেলায় PM-JANMAN যথাযথভাবে কার্যকর

হচ্ছে। গোটা জেলায় এই অভিযানের সহায়তা পাবেন এরকম রিয়াং সম্প্রদায়ভুক্ত ১১টি জনজাতি পরিবার রয়েছে। আধার কার্ড, জনধন একাউন্ট খোলা, আয়ুষ্মান প্রকল্পের অন্তর্ভুক্তিকরণ সহ বিভিন্ন সুযোগ ইতিমধ্যেই প্রদান করা হয়েছে। তিনি বলেন, এই অভিযানে যেসমস্ত সুযোগ-সুবিধা এখনো প্রদান করা যায়নি সেগুলি প্রশাসনিক ভাবে তাদের দ্বারে দ্বারে গিয়ে প্রদান করা হবে।

গতকাল তিনি বিশ্রামগঞ্জে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । তিনি জানান, সিপাহীজলা জেলায় বন্যায় ক্ষয়ক্ষতির পরিমান ৭২৬ কোটি ৯৭ লক্ষ টাকা। ঘরবাড়ি, কৃষি, মৎস্য উৎপাদন, রাস্তাঘাট, বিদ্যুৎ ইত্যাদি বিভিন্ন বিভাগের মধ্যে মৎস্য ক্ষেত্রে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে বলে জানান তিনি। বন্যা ও ভূমিধ্বসের কারনে  জেলায় ৫ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৪ জনের পরিবারকে ইতিমধ্যেই ক্ষতিপূরণের টাকা দে'য়া হয়েছে। গোটা জেলায় ৫১৩৫টি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। আগামী ১ সপ্তাহের মধ্যে ক্ষতিগ্রস্তরা তাদের ক্ষতিপূরণের টাকা পেয়ে যাবেন বলে আশ্বাস দিয়েছেন জেলাশাসক।

******************

**Dekho Apna Desh :**

"দেখো আপনা দেশ, পিপলস চয়েস 2024" এর ভোটিং এই মাসের ১৫তারিখ পর্যন্ত খোলা থাকবে। এই দেশব্যাপী ভোটগ্রহণের লক্ষ্য হল সবচেয়ে পছন্দের পর্যটন কেন্দ্রগুলি চিহ্নিত করতে এবং আধ্যাত্মিক, সাংস্কৃতিক ঐতিহ্য, প্রকৃতি, বন্যপ্রাণী এবং দুঃসাহসিকতার পাঁচটি বিভাগে পর্যটকদের উপলব্ধি বোঝার জন্য নাগরিকদের সঙ্গে সম্পৃক্ত হওয়া। "অন্যান্য" বিভাগে নাগরিকরা তাদের ব্যক্তিগত পছন্দের জন্য ভোট দিতে পারবেন যা দেশের

অনাবিষ্কৃত পর্যটন স্থানগুলি আবিষ্কার করতে সহায়তা করবে। নাগরিকরা পর্যটন মন্ত্রকের অফিসিয়াল ওয়েবসাইট থেকে ভোটিং পোর্টাল পেয়ে যাবেন।

**********************

**Disaster Mock drill at Sabroom :**

সাব্রুম মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল কালাপানিয়া প্রকৃতি উদ্যানে বিপর্যয় মোকাবিলা কর্মীদের নিয়ে এক মহড়া ও ২৭ জন বিপর্যয় কর্মীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। টিএসআর নবম বাহিনীর আধিকারিকরা  জলে ভেসে যেতে থাকা মানুষকে উদ্ধারের কলা-কৌশলের মহড়া প্রদর্শন করেন এবং সাম্প্রতিক বন্যায় সাব্রুম মহকুমায় জীবনের ঝুঁকি নিয়ে বন্যার কবলে পড়া মানুষদের নিরাপদ স্হানে নিয়ে আসার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া টিএসআর নবম বাহিনীর জওয়ান সহ ২৭ জন বিপর্যয় মোকাবিলা কর্মীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয় । দক্ষিণ জেলার জেলাশাসক স্মিতা মল এম. এস. বিপর্যয় কর্মীদের সংবর্ধিত করেন। কর্মসূচিতে সাব্রুম মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত সহ প্রশাসনিক আধিকারিকরাও উপস্হিত ছিলেন ।

********************

**State Level Kho-kho :**

রাজ্যভিত্তিক অনুর্ধ সতেরো বালক ও বালিকা উভয় বিভাগের খো-খো প্রতিযোগিতা আগামী আঠারো-ই সেপ্টেম্বর থেকে কৈলাশহরের ভদ্রপল্লী স্কুল মাঠে শুরু হবে । চলবে কুড়ি সেপ্টেম্বর পর্যন্ত। ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব জানান, রাজ্য আসরকে সামনে রেখে একটি পরিচালন কমিটি গঠন করা হয়েছে। এর চেয়ারম্যান হয়েছেন, ঊনকোটি

জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। এই রাজ্য আসরে রাজ্যের আট জেলা থেকে মোট ষোলটি দল অংশ নেবে।

******************

**Chandra Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ১-০ গোলে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

********************

**Weather..**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের দু`এক পশলা বৃষ্টি হতে পারে। রাজ্যের ধলাই, গোমতি, সিপাহীজলা ও দক্ষিন জেলার কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কবার্তা দেওয়া হয়েছে। অবশিষ্ট জেলাগুলোতেও বিক্ষিপ্তভাবে ভারি বৃষ্টিপাত হতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি।

........................................................................

************************